নাবালিকা স্কুলছাত্রীকে ধর্ষণ, গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : এক নাবালিকা স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার নিমাই দাস নামে এক ব্যক্তি। ঘটনা নামখানা থানার দেবনগর এলাকার। নামখানা থানা সূত্রে জানা যাচ্ছে, ওই ছাত্রী নামখানার দেবনগর হাইস্কুলে নবম শ্রেণিতেই পড়াশুনা করে। বৃহস্পতিবার দুপুর প্রায় সাড়ে বারোটায় সময় দেবনগর থেকে বাজার করে বাড়ি ফেরার সময় নিমাই দাস তাকে রাস্তা পাশে একটি ফাঁকা বাড়িতে নিয়ে যায়। গ্রামের রাস্তার দু'পুরে ফাঁকা। তাছাড়া ভোট গণনা থাকার সবার দৃষ্টি ওদিকে। সেই সুযোগ নেয় নিমাই। মেয়েটির ইচ্ছার বিরুদ্ধে তাকে ধর্ষণ করে। শুধু তাই নয়, কেরোকে জানালে প্রাণে মেরে ফেলারও হুমকি দেয়। মেয়েটি বাড়ি গিয়ে সব কথা জানায়। এরপর বাবা-মা, নামখানায় লিখিত অভিযোগ দায়ের করলে পুলিশ নিমাইখে গ্রেফতার করে কাকদ্বীপ মহকুমা আদালতে হাজির করে। নিমাই-এর বিরুদ্ধে সরকারি আইনজীবী গুরুপদ দাস জানান, পকসো আইনে মামলা রুজু করা হয়েছে। বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন।

প্রয়াত সাংবাদিক সোমনাথ সরকার

স্টাফরিপোর্টার : সাংবাদিক ও চিত্র সাংবাদিক সোমনাথ সরকার সম্প্রতি দমদমের বেদিয়াপাড়ায় নিজের বাসস্থলে মারা যান। পুলিশ ভিন্ন সূত্রে খবর পেয়ে তাঁর মৃতদেহ উদ্ধার করে। জানা যায়, তিনি ঘরের মধ্যে মরে বেশ কয়েকদিন পড়েছিলেন। এরপর স্থানীয় জনসাধারণ খবর দিলে পুলিশ দরজা ভেঙে তাঁর পচাগলা মৃতদেহ উদ্ধার করে। তিনি কলকাতার কয়েকটি সংবাদপত্রে বাণিজ্যিক সংবাদদাতা ছিলেন। তাঁর মৃত্যুতে সাংবাদিক মহলে গভীর শোকের ছায়া নেমে আসে।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
আজ শনিবার
আলোচনায় :-উপনিষদ।
পাঠক: স্বামী দিব্যানন্দ মহারাজ। সময় : ৭টা।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

			4		9	6	7	
				7	6	9		
								3
					1	7	4	
6	4						1	8
	2	1	6					
1								
		4	3	2				
	6	2	9		4			

গতকালের সমাধান

8	2	1	6	9	3	5	7	4
3	6	7	5	4	2	1	9	8
9	4	5	7	1	8	3	2	6
5	8	6	3	7	4	2	1	9
1	3	2	8	6	9	7	4	5
4	7	9	2	5	1	6	8	3
2	1	4	9	3	5	8	6	7
7	9	3	1	8	6	4	5	2
6	5	8	4	2	7	9	3	1

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৫ ডি গ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৪, **সূর্যাস্ত:** ঘ ৬:১১ **জোয়ার:** বিকাল :৪:১৩। **ভাটা:** সকাল : ১১:৫৪।

— সমাধানের নিয়ম —
এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩১,৪৫৫
গহনা সোনা (১০ গ্রাম):	৩০,৮৪৫
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	৩০,২৯৫
রুপোর বাট (প্রতি কেজি):	৪১,৩০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪১,৪০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর অন্তর্ভাগ)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	67.9577
INR / 1 Euro	:	80.2784
INR / 100 Jap. YEN	:	61.3100
INR /1 Pound Sterling	:	91.8788

শেয়ার সূচক

BSE 34,848.30 ▼ (-300.82)
NIFTY 10,596.40 ▼ (-86.30)

শব্দলিপি - ১১৯৬



শব্দলিপি : ১৯।৫।১৮

পাশাপাশি : ১ ঝুড়ুনেতা ৪ : চমকা ৬ : নটিশাস্ত্রের নায়টি রস ৭ : ভারতের নটিবিশেষ ৯ : সংগীতের প্রাণে মন্ত্রমুগ্ধকারক শেষ ১০ : নির্লজ্জ ১২ : সরকার ১৪ : অন্যায়

উপরনীচে : ১ : লেখন ২ : খুব ভোলাবেলা ৩ : বিক্রমাদিত্যের সভার অন্যতম রত্ন ৪ : চেনাচিনি ৬ : দুষ্টিলন্দন ৮ : নাদুস নাদুস ৯ : মাদারবোঁয়া ১১ : হিরে

সমাধান : শব্দলিপি - ১১৯৫

পাশাপাশি : ১ : কাঁচাই বাসাই ৪ : অম্বরা ৫ : মনহারা ৭ : মশার ৮ : রক্তক ১০ : বাঙ্গুরা ১২ : দুর্গম ১৩ : গাছকাবাবক

উপরনীচে : ১ : কাঁচামালার ২ : ইনাম ৩ : ইলাম ৪ : অমীম ৬ : মাথার মুকুট ৯ : সনম ১০ : বরদা ১১ : বরাদ

হাওড়ায় জেলা পরিষদ দখল করল তৃণমূল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ায় ২০১৮ এর পঞ্চায়েত নির্বাচনে জেলা পরিষদ দখল করল তৃণমূল কংগ্রেস, জেলা পরিষদের ৪০টি আসনের মধ্যে ৩৯টি আসনেই জয়লাভ করেছে তৃণমূল কংগ্রেস। ১টি আসন পেয়েছে নির্দল প্রার্থীরা। গতবার ২০১৩ পঞ্চায়েত নির্বাচনে ৪০টি আসনের মধ্যে ৩৪টি আসনে জয়লাভ করেছিল তৃণমূল কংগ্রেস, বামফ্রন্ট পেয়েছিল ৬টি আসন। সেই তুলনায় এবারে বিরোধীরা জেলা পরিষদে কোন আসনই পায়নি। শুধু ১টি আসনে জয়লাভ করেছে নির্দল প্রার্থী। পাশাপাশি গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতেও তৃণমূল কংগ্রেসের জয় জয়কার। হাওড়ায় মোট গ্রাম পঞ্চায়েত ১৫৭টি। তার মধ্যে ১৪৪টিতে তৃণমূল কংগ্রেস জয়লাভ করেছে ৭টি গ্রাম পঞ্চায়েত দখল করেছে বিজেপি, ৬টি আসনে ড্র হয়েছে। কিছু আসন বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূল কংগ্রেস জিতে যাওয়ায়, সেখানকার প্রার্থীদের ভাগ্য অবশ্য সুপ্রিম কোর্টের ওপর নির্ভর করছে। পঞ্চায়েত সমিতিতেও হাওড়ায় তৃণমূল কংগ্রেসের জয়জয়কার। ১৪টি পঞ্চায়েত সমিতির ১৪টিতেই জয়লাভ করেছে তৃণমূল কংগ্রেস। বৃহস্পতিবার দুপুর থেকেই হাওড়ায় তৃণমূল কংগ্রেস প্রার্থীরা ও কর্মী সমর্থকরা আনন্দে বাজি ফাটিয়ে, আবির খেলে জেতার জন্য আনন্দ ও উচ্ছ্বাস দেখায়। শুক্রবারও তাঁরা মেতে ওঠেন উল্লাসে।

হাওড়ার গ্রামীণ তৃণমূলের সভাপতি বিধায়ক পুলক রায় এই জয়কে বলেছেন, মা-মাটি-মানুষের জয়। তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের জয় বলে মন্তব্য করেন।

প্রসঙ্গত, হাওড়ায় মোট গ্রাম পঞ্চায়েত আসন ২৪,৩১টি। বিনাপ্রতিদ্বন্দ্বিতায় জেতা বাদ দিয়ে গণনা হচ্ছে ১৮১১টি আসনে। অনুরূপভাবে পঞ্চায়েত সমিতি ১৪টি। পঞ্চায়েত সমিতির মোট আসন ৪৬২টি। বিনা প্রতিদ্বন্দ্বিতায় জেতা বাদ দিয়ে গণনা হচ্ছে ৩৪৪টি আসনে। আর ২০১৮-এর পঞ্চায়েত নির্বাচনে মোট ১৪টি পঞ্চায়েত সমিতির প্রত্যেকটিই তৃণমূল কংগ্রেস দখল করেছে। আর জেলা পরিষদের ৪০টির মধ্যে ৩৯টি তৃণমূল কংগ্রেস দখল করেছে। বাকি জগাছায় ১টি আসনে জেলা পরিষদ দখল করেছে নির্দল প্রার্থী। হাওড়া সদর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস সভাপতি অরূপ রায় এই জয়ের জন্য সমস্ত প্রার্থী কর্মী-সমর্থকদের অভিনন্দন জানিয়েছেন।

'অনুব্রতবাবুর মশারি ফুটো করে দিয়েছে মানুষ'

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : 'এখান থেকেই আগামী লোকসভা নির্বাচনের লড়াই শুরু হয়ে গেল। বীরভূম ও বোলপুর দুটি লোকসভা কেন্দ্রে বিরোধীদের গোহারান হারাব।' পঞ্চায়েত নির্বাচনের ফল প্রকাশের পর বৃহস্পতিবার এই মন্তব্য করেন বীরভূম জেলা তৃণমূল সভাপতি অনুব্রত মণ্ডল।

যদিও বিজেপির জেলা সভাপতি রামকৃষ্ণ রায় বলেন, 'গ্রামে গ্রামে অনুব্রতবাবুর মশারি ফুটো করে দিয়েছে মানুষ। লোকসভা ভোটে টের পাবেন কতটা জনবিচ্ছিন্ন হয়ে পড়েছে মা-মাটি-মানুষের দল। বীরভূমে জেলা পরিষদের আসনে ভোট হয়নি। বেশিরভাগ পঞ্চায়েত সমিতির আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় এসেছে। জেলায় ২৭৯টি গ্রাম পঞ্চায়েত আসনের মধ্যে ৫৬টি আসনে জয়ী হয়েছে বিজেপি। বামফ্রন্ট পেয়েছে ৬টি। কংগ্রেসের দখলে এসেছে ১টি। স্বাভাবতই বীরভূমে বিরোধী দল হিসাবে প্রাসঙ্গিক হয়ে উঠছে বিজেপি। যদিও তা স্বীকার করতে চাননি অনুব্রত।

তাঁর মতে, 'যদি কোনও জায়গায় বিজেপি ২-১টা আসন পেয়ে থাকে তা অমাদের ভুলের জন্য।' পাশাপাশি তিনি বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের বোঝা বানানো অত সোজা নয়। একটা মধ্যবিত্ত পরিবার থেকে মুখ্যমন্ত্রী হওয়াটা মমতা বন্দ্যোপাধ্যায়ের অপরাধ? কোটিপতি বাড়ির মেয়ে নয় বলে? লজ্জা লাগে না। লাইট অফ করে নানুরে কাউন্টিং করে দিতেই। সেদিনগুলি ভুলে গেছেন? লাভপুরের কাউন্টিং ভুলে গেছেন? বড় বড় জ্ঞান দিচ্ছেন। লজ্জা লাগা দরকার। সুবিধাবাদী লোক।' প্রসঙ্গত, বীরভূমে দুটি গ্রাম পঞ্চায়েত দখলে এসেছে বিজেপির। একটি ত্রিশঙ্কু। এবং মহম্মদবাজারে বেশ কয়েকটি পঞ্চায়েতে সামান্য ব্যবধানে জয়ী হয়েছে তৃণমূল। বিজেপির এই জয় প্রসঙ্গে অনুব্রত বলেন, 'এখন রাত নেমেছে। কাল আবার দিনেরবেলায় দেখবেন। অন্ধকার হলে এক জিনিস হয়, দিনের বেলায় এক জিনিস হয়।'

অনুব্রতবাবুর এই মন্তব্য প্রসঙ্গে রামকৃষ্ণ রায় বলেন, 'রাত না নামলে তো অনুব্রতদের চলাফেরা স্বাভাবিক হয় না। দুষ্কৃতী, নয় 'উদি' পরা গুন্ডাদের দিয়ে ওরা সব কিছু দখল করতে চান। কিন্তু, এত কিছুর পরেও যারা এখনও শিরদাঁড়া সোজা করে আছেন, তাঁদের তৃণমূল ভাঙাতে পারবে না।' সিপিএমের জেলা সম্পাদক মনসা হাঁসদা বলেন, 'গণতন্ত্রের নামে শাসকদল ছিনিমিনি খেলেছে। তাছাড়া এই ফলাফলের পরে লড়াই থেমে যাবে না চলবে নির্বাচনের পরও।'

হাবড়ায় মৃত্যু হল সংঘর্ষে আহত তৃণমূল প্রার্থীর

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : সংঘর্ষে আহত হাবড়া ১ নম্বর ব্লকের পঞ্চায়েত সমিতির তৃণমূল প্রার্থী বিপ্লব সরকার (৩৫) মারা গেলেন। শুক্রবার সকালে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। সোমবার পঞ্চায়েত নির্বাচনের দিন রাজনৈতিক সংঘর্ষে আহত হয়েছিলেন তিনি।

সোমবার পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ ছিল। ওইদিন সন্ধেয় সংঘর্ষে মারাত্মক জখম হন বিপ্লব। অভিযোগ, বেড় গুম-২ নম্বর পঞ্চায়েতের জামতলা এলাকায় বিজেপির বাইক বাহিনী আচমকা হামলা চালায় তৃণমূল কর্মীদের উপর। দুটি দলের সংঘর্ষে বাধে। সংঘর্ষে আহত বিপ্লবকে আশঙ্কাজনক অবস্থায় কলকাতার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

বৃহস্পতিবার পঞ্চায়েতের ফল ঘোষণা হয়েছে। বিপ্লব সরকার জিতেছেন। আর শুক্রবার তাঁর মৃত্যুর খবর এলাকায় পৌঁছানোর পর শোকের ছায়া নেমে আসে। হাবড়া থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

তৃণমূলের বিজয় মিছিলে হামলা

নিজস্ব সংবাদদাতা, কুলপি : পঞ্চায়েত ভোটে জয়ের পর এলাকায় বিজয় মিছিল করার সময় তৃণমূল কংগ্রেস কর্মীদের উপর হামলার অভিযোগ উঠল সিপিএমের বিরুদ্ধে। এই ঘটনায় চারজন তৃণমূল কর্মী গুরুতর জখম হয়েছেন। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার কুলপি থানার অন্তর্গত রামকৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের আলিপাড়ায়। আহতদের ডায়মন্ডহারবার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে। পরিস্থিতি সামাল দিতে এলাকায় পুলিশ টহল দিচ্ছে।

নৌবাহিনীর জন্য অত্যাধুনিক জাহাজ নির্মাণ টিটাগড় ওয়াগন কারখানায়

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : এই প্রথম তেল সরবারহকারী অত্যাধুনিক জাহাজ নির্মাণ করল উত্তর ২৪ পরগনার টিটাগড় ওয়াগন কারাখানা। বৃহস্পতিবার ওই জাহাজটি তুলে দেওয়া হয় ভারতীয় নৌসেনাকে। অত্যাধুনিক এই জাহাজটি বিমান বহনকারী জাহাজ আইএনএস বিক্রমাদিত্যকে তেল সরবহার করবে বলে ভারতীয় নৌসেনা সূত্রে খবর। বৃহস্পতিবার দুপুরে টিটাগড় ওয়াগন কারখানা সংলগ্ন গঙ্গায় ভাসল ওই জাহাজটি। ২০১৭ সালে টিটাগড় ওয়াগন কারখানায় জাহাজ প্রকল্প নিয়ে সে সময়্যা হচ্ছিল তার সমাধানে উদ্যোগী হন টিটাগড় পুরসভার পুরপ্রধান প্রশান্ত চৌধুরি, বিধায়ক অর্জুন সিং, শীলভদ্র দত্ত ও টিটাগড় থানার পুলিশ। জট কেটে শুরু হয় জাহাজ কারখানার পথ চলা। শুরুতেই নৌবাহিনীর একটি তেল বহনকারী জাহাজ তৈরির বরাত পায় সংস্থাটি।

কাজ শুরু হওয়ার পর ১৮ মাস সময়সীমা দেওয়া হয় সংস্থাকে। সেই নির্দিষ্ট সময়সীমার দু'মাস আগেই নৌবাহিনীকে তুলে দেওয়া হয় নবনির্মিত একহাজার লিটার তেল বহনকারী এই জাহাজ। যা তৈরি করতে ৩৫ কোটি টাকা খরচ হয়েছে। নতুন ও জাহাজটির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতীয় নৌবাহিনীর ভাইস অ্যাডমিরাল এমএস পাওয়ার, টিটাগড় ওয়াগন লিমিটেড কারখানার কর্ণধার জেপি চৌধুরি, ব্যারাকপুরের সাংসদ দীনেশ ত্রিবেদী, প্রাক্তন সাংসদ তড়িৎ বরণ তোপদার, ব্যারাকপুরের বিধায়ক শীলভদ্র দত্ত, টিটাগড় ও ব্যারাকপুর পুরসভার দুই পুরপ্রধান যথাক্রমে প্রশান্ত চৌধুরি ও উত্তম দাস সহ নৌবাহিনীর উচ্চপদস্থ অন্য আধিকারিকরা।

নৌবাহিনীর ভাইস অ্যাডমিরাল এসএম পাওয়ার জানান, এই মুহূর্তে তেল বহনকারী এই জাহাজটি নৌবাহিনীর হাতে তুলে দেওয়া হল। এট বড় জাহাজগুলির কাজের ক্ষেত্রে অনেকটা সহযোগিতা করবে। টিটাগড় ওয়াগন কারখানার কর্ণধার জেপি চৌধুরি বলেন, 'আমরা এই জাহাজ তৈরির কাজ যখন হাতে নিয়েছিলাম তখন অনেকে আমাদের উপর হেসেছিল। বলেছিল কাজটি আমরা সময় মতো শেষ করতে পারব না। কিন্তু আমাদের কর্মীদের পরিশ্রমের ফলে আমরা সময়ের আগেই কাজ শেষ করে ফেলেছি। এরপরও এন.আই.ও.টি.-র আরও দু'টি জাহাজ আমাদের হাতে তৈরি হচ্ছে।

তাও আমরা সময়ের আগে তৈরি করে দিতে পারব বলে আশা করি।

এই কর্মসংস্কৃতি দেখে আরও অনেকে এই রাজ্যে শিল্প করতে এগিয়ে আসবে।'

হাবড়ায় ফুটবল লিগ

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : হাবড়া থানার হাটখুবা ডহরখুবা ক্রীড়াপ্রেমীদের উদ্যোগে গত ২২ এপ্রিল থেকে ১ মাস ধরে অনুষ্ঠিত হল 'হাটখুবা ফুটবল লিগ'।

হাটখুবা যুব সমিতির ক্রীড়াঙ্গনে এই ফুটবল লিগ ঘিরে বিপুল উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায়। ফাইনালের দিনে এলাকার রয়স্কদের প্রদর্শনী ফুটবল ম্যাচ ও দারুণ সাড়া জাগায়। ফাইনালে উপস্থিত ছিলেন হাবড়ার পুরপ্রধান নীলিমেশ দাস, হাবড়া থানার আইসি মৈনাক বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

ঝড়ে লন্ডভন্ড হাওড়ার একাধিক অঞ্চল। গাছ ভেঙে আটকে গেল পথ। *ছবি: শুভম জ্যোতি।*

আর এস ডিফিনান্স লিমিটেড
CIN: L17222WB1963PLC025749
রেজি: অফিস: ১০২, লন্ডন হাউস, বুকমা বিল্ডিং, ২২৪, এজেলি লোয়ার রোড, কলকাতা-৭০০০১৭
ফোন নং: ০৩৩৭-৬৫২১৬৫৪। ০৩৩-৬৬০০১০০
Email:rsdfinance.ltd@gmail.com
Website: www.rsdfinancelimited.com
বিজ্ঞপ্তি
ক্ষেত্রীয় ব্যালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় নয় ও ব্যাখ্যামূলক বিবরণী) ২০১৫ (ক্ষেত্রীয় চুক্তি) অনুসারে, ৩১ মার্চ, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং অর্ধবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ৩০ মে, ২০১৮ তারিখে পরিচালক বর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। এছাড়াও সভাপরিষ্ট অনুমতি নিয়ে অন্যান্য বিষয়ে আলোচনা হতে পারে।
উক্ত তথ্য পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.rsdfinancelimited.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com-এ।
আরএসডি ফিনান্স-এর পক্ষে
স্বা/-
রাজীব সিং দুগাল
ম্যানেজিং ডিরেক্টর
স্থান: জামশেদপুর
তারিখ: ১৮.০৫.২০১৮ DIN: 00052037

মউরিয়া উদ্যোগ লিমিটেড
CIN:L51909WB1980PLC033010
রেজি: অফিস: ৯/১, আর এন মুখার্জি রোড (স্ট্রা ফ্লোর), কলকাতা-৭০০০০১, Ph: 033 2243 0497/98 ,
Fax : 033 2248 6369
E-mail:ssiccal@cal2.vsnl.net.in
Website-www.sidhenterprises.org
বিজ্ঞপ্তি
ক্ষেত্রীয় ব্যালিকাভুক্ত চুক্তির রেগুলেশন ২৯ অফ সি সেবি (ক্ষেত্রীয় নয় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এতদ্বারা বিজ্ঞপিত করা হচ্ছে যে, ৩১ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের/ আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল (একক এবং একত্রিত) আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালক বর্গের একটি সভা ৩০ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া ২০১৭-২০১৮ অর্থবর্ষের ইক্যুইটি শেয়ারের লভ্যাংশ ঘোষণা বিষয়ে আলোচনা হবে। উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.sidhenterprises.org-এ।
বোর্ডের আদেশানুসারে
সিদ্ধ এন্টারপ্রাইজেস লিমিটেড
স্বাক্ষরিত ক্ষুদ্রাক্ষর লিপি
স্থান : কলকাতা
তারিখ : ১৮.০৫.২০১৮ DIN: 03621526

ইন্ডাইটিএ ইন্ডিয়া লিমিটেড
[পূর্বের নাম : ই.আই.টি.এ ইন্ডিয়া লিমিটেড]
CIN: L51109WB1983PLC035969
রেজি: অফিস: ১০ বি আনন্দ হামিল স্ট্রিট, পঞ্চম তল কলকাতা ৭০০০৬৯
Phone: 033-22483203, eita.cal@eitain.com
Email:
Website: www.eitain.com
বিজ্ঞপ্তি
রেগুলেশন ৪৭ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ২৯ ধারা সি সেবি (ক্ষেত্রীয় নয় ও ব্যাখ্যামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে এতদ্বারা বিজ্ঞপিত করা হচ্ছে যে, ৩১ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের/ আর্থিক বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল (একক এবং একত্রিত) আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালক বর্গের একটি সভা ৩০ মে, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে।
বোর্ডের আদেশ অনুসারে
ইন্ডাইটিএ ইন্ডিয়া লিমিটেডের পক্ষে
স্বা/-
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ: ১৮.০৫.২০১৮
উক্ত বিজ্ঞপ্তি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট Website: www.eitain.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cseindia.com.

দিব্যশিশ অসম (ইন্ডিয়া) লিমিটেড.
রেজিস্টার্ড অফিস : ১, ক্রকড লেন, কলকাতা-৭০০ ০৬৯
CIN: L032WB1977PLC031175
বিজ্ঞপ্তি
এতদ্বারা বিজ্ঞপিত করা হচ্ছে যে রেগুলেশন ২৯ এর সঙ্গে পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (লোড) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩১ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের এবং বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ২৯ মে, ২০১৮ তারিখে সকাল ১১টায় ১, ক্রকড লেন, কলকাতা-৭০০০১৬ ঠিকানায় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত তথ্য কোম্পানির ওয়েবসাইটwww.scottishassam.com-এ দেখা যাবে।
বোর্ডের আদেশ অনুসারে
স্কটিশ অসম (ইন্ডিয়া) লিমিটেডের পক্ষে
শ্রেয়া বোস
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
তারিখ: ১৮ মে, ২০১৮
স্থান : কলকাতা

AFFIDAVIT
I, Gayaram Paul, son of Satish Paul, by faith Hindu, resident of Kumarpara, new colony, Govindapur, P.O. Kanyapur, P.S.Asansol North Dist. Paschim Bardhaman, W.B. do hereby solemly affirm & declare as follows:-
1. That, I am known by the name Gayaram Paul, and my said name has been written in my voter card PAN Card.
2. That, I am also known by my another nick name as Madhab Pal and my said name written in my LIC Pol. No. 467221083, and in Bank A/c. No. SB/50471 at Indian Bank, Asansol.
3. That, I am Gayaram Paul, and Madhab Pal know by both the names are same, one and indentical person.
4. That to avoid any future complications I shall be known as Gayaram Paul in place of Madhab Pal in the above LIC Policy and Bank account. This is my declaration on solemn affirmation. In the court of the Executive Magistrate at Asansol on 22/11/2017.